দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 0 3 MAY 1989
পৃষ্ঠা ৫ কলাম ৫

030

## পরীক্ষার ফল প্রকাশের আবেদন

আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৮৬ সনের এম,এ (সনাতন) ফাইনাল পরীক্ষায় অবতীর্ণ হই। এই পরীক্ষা কয়েকবার পিছানোর পর ১৯-১১-৮৮ থেকে আরম্ভ হয়ে ডিসেম্বর ১৯৮৮-তে শেষ হয়। দীর্ঘ চার মাস অতিবাহিত হওয়ার পরও ফলাফল ঘোষণা করা হচ্ছে না। অনেকেরই সরকারী চাকুরির বয়স অতিক্রান্ত হয়ে গেছে। সেশন অনুযায়ী ১৯৮৫ ইং সনে আমাদের এম, এ পাস করে বের হওয়ার কথা। কিন্তু সেশন জট ও বিভিন্ন অপ্রত্যাশিত কারণে আমরা সঠিক সময়ে বের হতে পারিনি। শুনেছি, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সেশন জট নিরসনের জন্য কতকগুলো বাস্তব পদক্ষেপ গ্রহণ করেছেন। কিন্তু কোথায়? কবে আমরা ফলাফল পাব? তাই ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে আবেদন, অতি সত্বর আমাদের ফলাফল প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ করুন।

ছাত্র ছাত্রীগণের পক্ষে
এফ হোসেন (হারুন),
রাষ্ট্রবিজ্ঞান বিভাগ,
জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ।